গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১
www.mohpw.gov.bd

**বিষয় : 'বিশ্ব বসতি দিবস ২০২৩' উদযাপন উপলক্ষ্যে উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৭ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নম্বর-২০৪) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট -ক |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় 'বিশ্ব বসতি দিবস ২০২৩' উদযাপন উপলক্ষ্যে গত ৩১ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং এ বিষয়ে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১) কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। একইসাথে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

২.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | 'বিশ্ব বসতি দিবস ২০২৩' এর উদ্বোধনী অনুষ্ঠানের সময় ও স্থান নির্ধারণ। | আগামী ০২ অক্টোবর ২০২৩ সকাল ১০.০০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব বসতি দিবসের উদ্বোধনী অনুষ্ঠান হবে। এ বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের সাথে আলোচনা করে পরবর্তীতে সময় চূড়ান্ত করা হবে। | উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির সভাপতি/সদস্য সচিব/ যুগ্মসচিব, জনাব মোঃ মোতাহার হোসেন |
| ২.২ | 'বিশ্ব বসতি দিবস ২০২৩' এর উদ্বোধনী অনুষ্ঠানের ক্রম নির্ধারণ। | গত বছরের ন্যায় উদ্বোধনী অনুষ্ঠানের ক্রম নির্ধারিত হবে। 'বিশ্ব বসতি দিবস ২০২৩' উদযাপনের লক্ষ্যে এ বছর সকাল ৭.৩০ টায় বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হবে। | র‍্যালি বাস্তবায়ন উপ-কমিটি |
| ২.৩ | উদ্বোধনী অনুষ্ঠানের আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ। | উদ্বোধনী অনুষ্ঠানের আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ কমিটি |
| ২.৪ | উদ্বোধনী অনুষ্ঠানের ধারাবর্ণনার জন্য উপস্থাপক/উপস্থাপিকা চূড়ান্তকরণ। | জনাব এ.জেড.এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং জনাব অজন্তা শুক্লা তন্মা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর উদ্বোধনী অনুষ্ঠানের ধারাবর্ণনার জন্য Script প্রস্তুত করে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন। যুগ্মসচিব জনাব মোঃ মোতাহার হোসেন বিষয়টি সমন্বয় করবেন। | জনাব এ.জেড.এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং জনাব অজন্তা শুক্লা তন্মা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও যুগ্মসচিব জনাব মোঃ মোতাহার হোসেন |
| ২.৫ | উদ্বোধনী অনুষ্ঠানে পবিত্র ধর্মগ্রন্থ হতে তেলওয়াতকারী/পাঠকারী নির্ধারণ। | উদ্বোধনী অনুষ্ঠানে পবিত্র কুরআন তেলওয়াত করবেন সচিবালয় জামে মসজিদের ইমাম। অন্যান্য ধর্মগ্রন্থ হতে পাঠকারীগণের নামের তালিকা চূড়ান্ত করে নগর গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব স্বর্ণেন্দু শেখর মন্ডল উপ-কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | জনাব স্বর্ণেন্দু শেখর মন্ডল, নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা |
| ২.৬ | উদ্বোধনী অনুষ্ঠানে সকলের জন্য আপ্যায়নের ব্যবস্থাকরণ। | উদ্বোধনী অনুষ্ঠানে আপ্যায়নের বিষয়ে জনাব মোঃ শহিদুল আলম, অতি:প্র:প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উপযাপন সংক্রান্ত উপ-কমিটি বিষয়টি সমন্বয় করবে। | জনাব মোঃ শহিদুল আলম, অতি:প্র:প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর/ বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উপযাপন সংক্রান্ত উপ-কমিটি |
| ২.৭ | উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদানকারী, অন্যান্য বক্তা ও মূল নিবন্ধ উপস্থাপনকারী নির্বাচন। | উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) জনাব মোঃ হাফিজুর রহমান স্বাগত বক্তব্য প্রদান করবেন। ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধানগণ বক্তব্য প্রদান করবেন। 'বিশ্ব বসতি দিবস ২০২৩' উপলক্ষ্যে মূল নিবন্ধ (Key Note Paper) উপস্থাপন করবেন পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর সভায় জানান যে, UNDP-বাংলাদেশ এর Country Representative-কে বিশেষ অতিথি হিসাবে সভায় আমন্ত্রণ জানানোর জন্য যোগাযোগ করা হলে তিনি অক্টোবরের ১ম সপ্তাহে উপস্থিত থাকতে পারবেন না মর্মে অবহিত করেছেন। | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর/ উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির সভাপতি/সদস্য সচিব/ যুগ্মসচিব, জনাব মোঃ মোতাহার হোসেন |

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | উদ্বোধনী অনুষ্ঠানের ব্যানার প্রস্তুতকরণ। | উদ্বোধনী অনুষ্ঠানের ডিজিটাল ব্যানার প্রস্তুতের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন জনাব নিয়াজ মোঃ তানভীর আলম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা। | জনাব নিয়াজ মোঃ তানভীর আলম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা |
| ২.৯ | উদ্বোধনী অনুষ্ঠানে ওসমানী স্মৃতি মিলনায়তনে পুষ্প বিন্যাস ও মঞ্চসজ্জা। | উদ্বোধনী অনুষ্ঠানটি ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে বিধায় পুষ্প বিন্যাস ও মঞ্চসজ্জার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ। | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ |
| ২.১০ | বিশ্ব বসতি দিবসের স্মরণিকার লেখকগণকে উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো। | বিশ্ব বসতি দিবস ২০২৩ এর স্মরণিকার লেখকগণকে উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে। এ বিষয়ে স্মরণিকা প্রকাশ উপ-কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | স্মরণিকা প্রকাশ উপ-কমিটি |
| ২.১১ | উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রণালয় ও ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীর উপস্থিতি। | উদ্বোধনী অনুষ্ঠানে এ মন্ত্রণালয় ও উহার নিয়ন্ত্রণাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে গত ৩১/০৮/২০২৩ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধান এবং উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) কে পৃথক পত্র ইস্যু করতে হবে। | ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধান ও উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৭/০৯/২০২৩
জনাব মোঃ হাফিজুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১)
ও
সভাপতি
উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটি

স্মারক নং-২৫.০০.০০০০.০১৩.৯৯.০১১.১২- ৭৮৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ / ০৭ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ:** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জনাব মোঃ হামিদুর রহমান খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৩. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা।
৫. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, সদস্য (পরিকল্পনা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৬. ড. মোঃ ফারুক হোসেন, সহযোগী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. জনাব মোঃ মোসলেহ উদ্দিন আহমেদ, সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৮. জনাব মোঃ মোতাহার হোসেন, বিজ্ঞ আইন উপদেষ্টা (যুগ্মসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৯. জনাব মোঃ মাহমুদুর রহমান হাবিব, যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১০. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা।
১১. জনাব নায়লা আহমেদ, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১২. জনাব দেবময় দেওয়ান, যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা-৮), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৩. জনাব মোঃ শহিদুল আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:) (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৫. জনাব মোঃ মনিরুজ্জামান, উপসচিব (প্রশাসন অধিশাখা-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৬. জনাব অভিজিৎ রায়, উপসচিব (মনিটরিং অধিশাখা-১০), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৭. জনাব মোঃ মাহবুবুর রহমান, উপসচিব (বাজেট অধিশাখা-৪), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৮. জনাব শেখ মোঃ কুদরত-ই-খুদা, প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার গণপূর্ত বিভাগ, ঢাকা।
১৯. জনাব এ.জেড.এম শফিউল হান্নান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২০. জনাব স্বর্ণেন্দু শেখর মন্ডল, নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।
২১. জনাব মোঃ আব্দুস সাত্তার, নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।
২২. জনাব মহিবুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম বিভাগ-৪, ঢাকা।
২৩. জনাব নিয়াজ মোঃ তানভীর আলম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা।
২৪. জনাব মিহির কান্তি সরকার, সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

০৭/০৯/২০২৩

(শেখ নূর মোহাম্মদ)
যুগ্মসচিব